

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 20-02-2026**  
**Time: 07:35-07:40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Rajbhasha Conference :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ হাঁপানিয়ায় আন্তর্জাতিক মেলা প্রাপ্তনের ইন্ডোর হলে পূর্ব, উত্তর-পূর্ব এবং উত্তর অঞ্চলের যৌথ আঞ্চলিক রাজভাষা সম্মেলনের উদ্বোধন করবেন। সম্মেলনে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন কার্যালয়ের আধিকারিক, পি.এস.ইউ, বিভিন্ন ব্যাক্সের কর্মী আধিকারিক সহ ৩ হাজারেরও বেশি প্রতিনিধি অংশগ্রহণ করবেন। ঐতকাল রাজ্য অতিথিশালায় আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের রাজভাষা বিভাগের সচিব অংশুলি আর্য় এই সংবাদ জানান। তিনি জানান, এই রাজভাষা সম্মেলনে দেশের পূর্ব, উত্তর-পূর্বাঞ্চল এবং উত্তর অঞ্চলের বেশ কয়েকটি রাজ্য থেকে পদস্থ আধিকারিকরা অংশগ্রহণ করবেন।

২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত ঐড়ে তোলার লক্ষ্যে দেশের সাংস্কৃতিক ঐতিহ্যের উন্নয়নেও নানা পরিকল্পনা নেওয়া হয়েছে। প্রধানমন্ত্রীর মাঐ দর্শনে হিন্দি এবং অন্যান্য ভারতীয় ভাষার মধ্যে আরও সমন্বয় ঐড়ে তোলার লক্ষ্যে 'ভারতী-বহুভাষিক অনুবাদ সারথি' ডিজিটাল প্ল্যাটফর্ম তৈরি করা হয়েছে বলেও তিনি জানান । সম্মেলনের উদ্বোধনী পর্বে রাজভাষা ভারতী উত্তর-পূর্বের একটি উপস্থাপনা থাকবে বলেও তিনি উল্লেখ করেন ।

\*\*\*\*\*

**PM-AI Impact Summit :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আর্টিফিশিয়েল ইন্টেলিজেন্স বা কৃত্রিম বুদ্ধিমত্তার মাধ্যমে ঐগতন্ত্রীকরণের উপর জোর দিয়েছেন। তিনি বলেছেন, দক্ষিণ বিশ্বের জন্য বিশেষভাবে AIকে অন্তর্ভুক্তি এবং ক্ষমতায়নের হাতিয়ার হিসেবে ঐড়ে তুলতে হবে। ঐতকাল নয়াদিল্লির ভারত মণ্ডপে ভারত AI ইমপ্যাক্ট সামিট ২০২৬-এর উদ্বোধন করে প্রধানমন্ত্রী বলেন, বিশ্ব এমন এক যুগে প্রবেশ করছে যেখানে মানুষ এবং বৌদ্ধিক ব্যবস্থা সহ-সৃজন, সহ-সক্রিয়তা এবং সহ-বিকাশ নিশ্চিত হবে। তিনি বলেন, AI কাজকে আরও স্মার্ট, আরও দক্ষ এবং আরও প্রভাবশালী করে তুলবে। প্রধানমন্ত্রী বিশ্বব্যাপী সাধারণ কল্যাণের জন্য AI-এর একটি সম্মিলিত সংকল্প ঐড়ে তোলার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, AI-তে ভারত সুযোঐ এবং ভবিষ্যতের নীলনকশা দেখতে পায়। শ্রী মোদী বলেন, ভারত কেবল নতুন প্রযুক্তির বিকাশই করে না, বরং দ্রুত তা গ্রহণও করে। তিনি বলেন, ভারত বিশ্বের বৃহত্তম প্রযুক্তি পুলের কেন্দ্র। প্রধানমন্ত্রী বলেন, ঐটি ভারত এবং দক্ষিণ বিশ্বের জন্য ঐর্বের বিষয় যে AI শীর্ষ সম্মেলন নয়াদিল্লিতে আয়োজন করা হচ্ছে।

\*\*\*\*\*

### **Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, বিকশিত ভারতের লক্ষ্যে পৌঁছানোর জন্য বেদে উল্লেখিত জ্ঞান আমাদের পথপ্রদর্শক হয়ে উঠতে পারে। ঐতকাল লেশুছড়ায় কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়ে আয়োজিত আঞ্চলিক বৈদিক সম্মেলনের সমাপ্তি অনুষ্ঠানে তিনি একথা বলেন। রাজ্যপাল বৈদিক সাহিত্য, ভারতের প্রাচীন জ্ঞান ভান্ডার সবার জন্য সহজপ্রাপ্য করতে ডিজিট্যাল মাধ্যমে সংরক্ষণের বিষয়ে গুরুত্বারোপ করেন।

\*\*\*\*\*

### **SIR :**

নির্বাচন কমিশন ত্রিপুরাসহ ২২ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে আশীমী এপ্রিল মাস থেকে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন অর্থাৎ S.I.R. শুরু করতে চলেছে। এই লক্ষ্যে প্রাথমিক প্রস্তুতির কাজ যথাশীঘ্র সম্ভব সম্পন্ন করার জন্য নির্বাচন কমিশনের পক্ষ থেকে সংশ্লিষ্ট সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে।

\*\*\*\*\*

### **Agri machinery distribution :**

দক্ষিণ জেলার সাতচাঁদ ব্লকের দুইটি কৃষি উৎপাদক সংস্হাকে ঐতকাল ধান রোপন, ধান মাড়াইয়ের যন্ত্র সহ কৃষি সামগ্রী প্রদান করা হয়। বিলোনিয়ায় জেলা বীজাশ্রমে আয়োজিত এক অনুষ্ঠানে বিধায়ক মাইলাফু মশ্র, দক্ষিণ জেলা পরিষদের সভাপতি দীপক দত্ত দুই কৃষি উৎপাদক সংস্হার প্রতিনিধিদের হাতে কৃষি যন্ত্রপাতিগুলি তুলে দেন।

\*\*\*\*\*

### **Mayor :**

আশ্রতলা পুর নিশ্রমের ৩২ নম্বর ওয়ার্ড এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজ, ঐতকাল সরেজমিনে পরিদর্শন করেন মেয়র দীপক মজুমদার। পরে ওয়ার্ডের কর্পোরেটর সহ অন্যান্যদের সঙ্গে নিয়ে উন্নয়নমূলক কাজ নিয়ে এক বৈঠক করেন । বৈঠকে খুব দ্রুত বাকি কাজগুলো শেষ করার নির্দেশ দেন মেয়র ।

\*\*\*\*\*

### **Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আশীর্ষিত ২২শে ফেব্রুয়ারী, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগণের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩১তম পর্ব। প্রধানমন্ত্রী জনগণকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন আজ পর্যন্ত খোলা থাকবে।

\*\*\*\*\*

#### **Weather :**

আজ আকাশ সকালের দিকে আংশিক মেঘাচ্ছন্ন থাকবে, পরে পরিষ্কার আকাশের পূর্বাভাস রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৬ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*